

মুজিব বর্ষের মূলমন্ত্র
ধাকবে সেবা সর্বত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
raigonj.sirajgonj.gov.bd



স্মারক নং- ৪১.০১.৮৮৬১.০০৩.২০.০০৪.১০

৪০৮ (১৫)

তারিখঃ ১৮ শাবন ১৪২৯ বাংলা।
০২ আগস্ট ২০২২ খ্রিঃ।

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহন প্রসঙ্গে।

সূত্র স্মারক নং-৪১.০১.০০০০.৪৯.০২.০০৮.২০ ৫৮৩

তারিখঃ ২৭/০৭/২০২২খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০২২-২৩ অর্থবছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহন করা হবে।

১। আগামী ১০ আগস্ট ২০২২ খ্রিঃ হতে ১০ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ পর্যন্ত অনলাইনে mis.bhata.gov.bd/online application লিংকে ভাতার আবেদন গ্রহন করা হবে।

২। অনলাইন আবেদনের হার্ডকপি প্রিন্ট করে সংরক্ষণ করে রাখতে হবে/ উপজেলা সমাজসেবা কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জে জমা দিতে হবে।

৩। আবেদনকারীর অবশ্যই প্রতিবন্ধী শনাক্তকরণ(সুবর্ণ নাগরিক কার্ড) পরিচয়পত্র থাকতে হবে।

৪। আবেদনকারী সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৫। আবেদনের সঙ্গে ০৪ কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি, প্রতিবন্ধী শনাক্তকরণ পরিচয়পত্র(সুবর্ণ নাগরিক কার্ড), জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদ জমা দিতে হবে।

এমতাবস্থায় তাঁর পৌরসভা/ইউনিয়নের অধীন যে সকল প্রতিবন্ধী ব্যক্তি ভাতার সুবিধা পাচ্ছেন না তাদেরকে আবেদন করার পরামর্শ ও বহুল প্রচার প্রচারণার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। এ কাজে পৌরসভার মেয়র ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়গণের সহযোগিতা আশা করছি।

বিঃদ্রঃ অনলাইন আবেদনের ভিত্তিতে বরাদ্দ প্রাপ্তি ঘটবে। অনলাইন আবেদন ব্যতীত ভাতা প্রদান সম্ভব হবে না।


০২/০৮/২০২২
(মোঃ হালিয়াস হাসান শেখ)

উপজেলা সমাজসেবা অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

ফোনঃ +৮৮০২৫৮৮৮৩৪৮৮৪

E-mail: usso.raiganj@dss.gov.bd

০১। মেয়র, রায়গঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ।

০২। চেয়ারম্যান,

.....ইউনিয়ন পরিষদ,

রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৪ সিরাজগঞ্জ-৩(রায়গঞ্জ-তাড়াশ)।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

৫। অফিস কপি।